

## আল্লাহর কাছে দোয়া

১। একবার দুর্ভিক্ষের সময় হযরত ওমর রা: বৃষ্টির জন্য দোয়া শুধু ইস্তেগফার (اللَّهُمَّ إِنَّكَ عَفْوٌ تَحِبُّ) এর মাধ্যমে শেষ করলেন। লোকেরা বললেন: আপনিতো আদৌ দোয়া করলেন না। তিনি বললেন: আমি আসমানের ঐ সব দরজায় করাঘাত করেছি যেখান থেকে বৃষ্টি বর্ষিত হয়। এ কথা বলে তিনি সূরা নূহের ১০, ১১, ১২ নম্বর আয়াতগুলো তাদের পাঠ করে শুনালেন। (ইবনে জারীর ও ইবনে কাসীর)

২। এক ব্যক্তি হাসান বসরীর মজলিসে অনাবৃষ্টির অভিযোগ করলে, তিনি বললেন: আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করো। দ্বিতীয় ব্যক্তি: দারিদ্র্য দূর করার জন্য দোয়া চাইলে, তিনি বললেন: আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করো। তৃতীয় ব্যক্তি: ছেলে মেয়ে নাই সুতরাং ছেলে মেয়ের জন্য দোয়া করুন, হাসান বসরী বললেন: আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করো। চতুর্থ ব্যক্তি বললেন: আমার ফসল কম হচ্ছে, ফসল বৃদ্ধির জন্য দোয়া করুন, হাসান বসরী বললেন: আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করো। লোকেরা হাসান বসরীকে বললো: আপনি ভিন্ন ভিন্ন অভিযোগের একই প্রতিকার দিচ্ছেন। তখন তিনি সূরা নূহের ১০, ১১, ১২ নম্বর আয়াতগুলো তাদের পাঠ করে শুনালেন। (কাশ্ শাফ)

فَقُلْتُ اسْتَغْفِرُوا رَبَّكُمْ إِنَّهُ كَانَ غَفَّاراً ﴿١٠﴾

يُرْسِلِ السَّمَاءَ عَلَيْكُمْ مِدْرَاراً ﴿١١﴾

وَيُمِدُّكُمْ بِأَمْوَالٍ وَبَنِينَ وَيَجْعَلْ لَكُمْ جَنَّاتٍ وَيَجْعَلْ لَكُمْ أَنْهَاراً ﴿١٢﴾

বলিয়াছি, 'তোমাদের প্রতিপালকের ক্ষমা প্রার্থনা কর, তিনি তো মহাক্ষমাশীল,

'তিনি তোমাদের জন্য প্রচুর বৃষ্টিপাত করিবেন,

'তিনি তোমাদেরকে সমৃদ্ধ করিবেন ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে এবং তোমাদের জন্য স্থাপন করিবেন উদ্যান ও প্রবাহিত করিবেন নদী-নালা। (সূরা নূহ: আয়াত ১০, ১১, ১২)

সমাপ্ত